



## ভোলায় ইলিশ সংরক্ষণের কাঠামো নির্ধারণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

জুয়েল সাহা, ভোলা।  
জেলা মৎস্য অধিদপ্তরের সহযোগিতায় ইউএসএআইডি'র অর্থায়নে ওয়ার্ল্ডফিশ বাংলাদেশ এবং কোস্ট ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাবীন ইকোফিশ প্রকল্পের বুধবার ভোলা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ইলিশ সংরক্ষণের সহ-ব্যবস্থাপনা কাঠামো নির্ধারণ বিষয়ক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় ভোলা উপজেলার ধনিয়া, কাচিয়া, শিবপুর, ইলিশা রাজাপুর ইউনিয়নের চেয়ারম্যান মেম্বর জেলে, আড়ৎদার এইচসিজির সিএসজি ও মৎস্য অবতরণ কেন্দ্রের নেতাসহ ১২০ জন উপস্থিত ছিলেন। ভোলা জেলা মৎস্য

কর্মকর্তা মোঃরেজাউল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ভোলা জেলার জেলা প্রশাসক মোহাম্মদ সেলিম উদ্দিন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপ-পরিচালক, বিভাগীয় মৎস্য অধিদপ্তর, বরিশাল মোঃ বজলুর রশিদ, ইকোফিশ প্রকল্পের টিম লিডার প্রফেসর এম এ ওহাব, ভোলা জেলার অতিরিক্ত জেলা প্রশাসক সুব্রত কুমার শিকদার (সার্বিক) অতিরিক্ত জেলা প্রশাসক মাহমুদুল হক (রাজস্ব), কোস্ট গার্ড দঃ জৈন ভোলা লেঃ কমান্ডার সাজ্জাদ হোসেন, ভোলা সদর

৬০ পাতা ১৭ কলাম ৬

### ভোলায় ইলিশ সংরক্ষণের

উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ মোজাহিদুল ইসলাম, ইকোফিশ প্রকল্প ম্যানেজার ড. নাহিদুজ্জামান ও রিসার্চ এসোসিয়েট ইফতেখারুল ইসলাম, ভোলা সদর উপজেলার সিনিয়র মৎস্য কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান, ভোলা সদর উপজেলার পরিষদের ভাইস চেয়ারম্যান আলহাজ্ব মোঃ ইউনুস মিয়া, ভোলা ধনিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এমদাদ হোসেন কবির, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মীর মোঃ খাইরুল কবির, ভোলা জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান সাফিয়া খাতুন, ইকোফিশ প্রকল্পের পিসি খোকন চন্দ্র শীল। সার্বিক সহযোগিতায় ছিলেন ইকোফিশ প্রকল্প ভোলা টিম। প্রথমে কোরআন তেলোয়াতের মাধ্যমে কর্মশালা শুরু হয়।